দৈনিক সংবাদ

তারিখ ... 24 DEC 1985 ...
পৃষ্ঠা ... ৪ কলাম ৩ ...

045

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বি,এ ও বি,এসসি (পাস) পরীক্ষার ফল প্রকাশ

রাজশাহী, ২৩শে ডিসেম্বর (বাসস)।—চলতি বছরের জানুয়ারীতে অনুষ্ঠিত রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বি, এ ও বি,এসসি (পাস) পরীক্ষার ফল আজ প্রকাশিত হয়েছে।

বি,এ ও বি,এসসি পরীক্ষায় পাসের হার ছিল যথাক্রমে ৩৪ দশমিক ৭ ও ৩৯ দশমিক ৫ভাগ। বিএ (পাস) পরীক্ষার্থীদের মধ্যে ৩৬৪ জন দ্বিতীয় শ্রেণীতে ও ৩২২ জন তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে। কেউই প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হতে পারেনি।

বিএসসি পাস পরীক্ষায় ১১ জন পরীক্ষার্থী প্রথম শ্রেণীতে, ৪৯৭ জন দ্বিতীয় শ্রেণীতে ও ১,২৭২ জন তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ হয়েছে।

বি, কম (পাস) পরীক্ষার ফল এর আগে বেরিয়েছে।